# জাগোনারী

**আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা**

**Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II**

**ভার্মি কম্পোস্ট, বীজ, বাঁশ, জালসহ অনান্য পন্যসামগ্রী সরবরাহের জন্য**

# টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় পটুয়াখালী জেলায় কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় জাগোনারী বাস্তাবায়িত **Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II** শীর্ষক প্রকল্পের আওতায় ভার্মি কম্পোস্ট, বীজ, বাঁশ ও জালসহ অনান্য পন্যসামগ্রী সরবরাহের জন্য আগ্রহী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| টেন্ডার রেফারেন্স | : | জানা/বর/প্রদৃপ্ত-টেন্ডার/ওটিএম/জুন ২০২৬ (০৬) |
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ১৮ জুন ২০২৬ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | ২৫ জুন ২০২৬ খ্রি. |
| দরপত্র উন্মুক্তকরণের তারিখ | : | ২৭ জুন ২০২৬ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা<br>দরপত্র উন্মুক্তকরণের সময়ে সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। |
| যে ভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | জাগোনারীর ওয়েবসাইটে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা ও জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল, কদম আলী মৃধা ভবন, ৩ নং ওয়ার্ড কলাপাড়া, পটুয়াখালী থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ সরবরাহকারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে;

২. সরবরাহকারী প্রতিষ্ঠানের কমপক্ষে ১০ লক্ষ টাকা মূল্যের পন্য/মালামাল/উপকরণ সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে।

৩. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

৪. দরপত্রের সাথে সরবরাহ কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;

৫. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য দরপত্রে উল্লেখ থাকতে হবে;

৬. দরপত্রে প্রস্তাবিত সকল উপকরণের ব্র্যান্ড নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সকল উপকরনের স্যাম্পল পাঠাতে হবে। উল্লেখ্য যে, নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য সকল দরদাতা প্রতিষ্ঠানের স্যাম্পল জাগোনারী প্রদৃপ্ত প্রকল্প নিজ খরচে ফেরত পাঠানোর ব্যবস্থা করবে।

৭. কার্যাদেশ পাওয়ার পর চাহিদেয় উপকরণ সরবরাহের জন্য কতদিন সময় লাগবে তা স্পস্টভাবে আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

৮. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা অথবা জাগোনারী প্রকল্প অফিস সুমনা মঞ্জিল,কদম আলী মৃধা ভবন,৩ নং ওয়ার্ড কলাপাড়া ,পটুয়াখালী - এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;

৯. **Annexure-1.1: Price Quotation Form, Annexure** 1.2: Application Form প্রতিষ্ঠানের অফিসিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্র দাখিল করতে হবে।

১০. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিস্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন;

১১. দরপত্র জমা দেয়ার শেষ তারিখ শেষ হলে জাগোনারী'র ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

**গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৩০ | আর্থিক |
| স্যাম্পল | ২৫ | টেকনিক্যাল |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও হালনাগাদ আয়কর রিটান) | ১৫ | টেকনিক্যাল |
| অভিজ্ঞতা (সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | টেকনিক্যাল |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে) | ১০ | টেকনিক্যাল |
| উপকরন সরবরাহের সময়সীমা (ডেলিভারি টাইম) | ১০ | টেকনিক্যাল |
| মোট | ১০০ | |

২. শুধমাত্র টেকনিক্যাল মূল্যায়নে গৃহিত সরবরাহকারী প্রতিষ্ঠানকে আর্থিক ও চুড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে। টেকনিক্যাল মূল্যায়নে অগ্রহণযোগ্য হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে আর্থিক ও চুড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না।

৩. অসম্পূর্ন বা ত্রুটিপূর্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

**ঘ.** উপকরন/মালামাল/পন্যসামগ্রী সরবরাহের নিয়ামাবলী:

১. সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ/মালামাল/পণ্যসামগ্রী কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জাগোনারী প্রদৃপ্ত প্রকল্পের কর্ম এলাকা: পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার লালুয়া ও মিঠাগঞ্জ ইউনিয়নের পালকি বাজার, রাঙ্গাবালী উপজেলার চালিতাবুনিয়া ইউনিয়নে গনগ্রন্থগার, মৌডুবী ইউনিয়নে ভুইয়াকান্দা পালকি বাজার, ছোটবাইশদিয়া ইউনিয়নে গইনখালী পালকি বাজার ও চরমোন্তাজ ইউনিয়নে উত্তর চরমোন্তাজ পালকি বাজারে পৌঁছে দিবেন;

২. প্রস্তাবিত ডেলিভারি সময়ের ভিত্তিতে নম্বর প্রদান করা হবে৷ যোগ্য দরদাতাদের মধ্যে যে প্রতিষ্ঠান সর্বনিম্ন ডেলিভারি সময় প্রস্তাব করবে, তাকে ডেলিভারি টাইম মূল্যায়ন সূচকে সর্বোচ্চ নম্বর প্রদান করা হবে; অন্যান্য প্রতিষ্ঠানকে তুলনামূলকভাবে কম নম্বর প্রদান করা হবে৷

৩. অনিবার্য কারণ বশত: নির্ধারিত সময়ের মধ্যে চাহিদেয় উপকরণ/পন্যসামগ্রী পৌছাতে ব্যর্থ হলে বিলম্বজনিত সরবরাহের উপযুক্ত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান জাগোনারী কর্তৃপক্ষের নিকট সরবরাহের সময়সীমা বর্ধিত করার জন্য লিখিতভাবে আবেদন করতে পারবেন। এ প্রেক্ষিতে চাহিদেয় উপকরণ/পণ্য সরবরাহের বিলম্বজনিত কারণ সঠিক বলে বিবেচিত বা প্রমানিত হলে সরবরাহের সময়সীমা অনুর্ধ ০৫ কর্মদিবস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। তবে বিলম্বজনিত সরবরাহের কারণ উপযুক্ত বলে বিবেচিত না হলে উপকরণ/পণ্য সরবরাহের নির্ধারিত সময়সীমার পর প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

৪. কার্যাদেশ প্রদানের পর কোন উপকরণ/পণ্যের ব্রান্ড পরিবর্তন করতে হলে কার্যাদেশ প্রদানের ০২ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভালো মানের উপকরণ/পণ্য সরবরাহ করতে হবে।

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী সরবরাহ/কার্য সম্পাদন করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;
২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

১. **Annexure 1.1** এর ক্ষেত্রে কোনরূপ ক্রটিপূর্ণ মালামাল/উপকরন/পন্যসামগ্রী গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ক্রটিপূর্ণ মালামাল/উপকরণ/পন্যসামগ্রী ফেরত নিতে বাধ্য থাকবেন এবং জাগোনারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী সমপরিমান মালামাল/উপকরণ/পন্যসামগ্রী পুনরায় সরবরাহ করবেন।

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**
৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;
৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়;

**জ. সংযুক্তি:**

১. Annexure -1.1: Price Quotation Form.
২. Annexure -1.2: Application Form

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: ০ ::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: :::